

■■ সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউভেশন)

হাদিস নাম্বারঃ ৮৩২

১০/ ইমামত (كتاب الإمامة)

পরিচ্ছেদঃ ৩৯/ ইমামের নামায থেকে বের হয়ে মসজিদের কোণে মুসল্লির পৃথক নামায পড়া।

আরবী

أَخْبَرَنَا وَاصِلُ بْنُ عَبْدِ الْأَعْلَى، قَالَ حَدَّثَنَا ابْنُ فُضَيْلِ، عَنِ الأَعْمَشِ، عَنْ مُحَارِبِ بْنِ دِثَارٍ، وَأَبِي، صَالِحٍ عَنْ جَابِرٍ، قَالَ جَاءَ رَجُلٌ مِنَ الْأَنْصَارِ وَقَدْ أُقِيمَتِ الصَّلَاةُ فَدَخَلَ الْمَسْجِدِ فَصَلَّى فِي نَاحِيةِ الْمَسْجِدِ ثُمَّ الْمَسْجِدِ فَصَلَّى فِي نَاحِيةِ الْمَسْجِدِ ثُمَّ انْظَلَقَ فَلَمَّا قَضَى مُعَاذُ الصَّلاَةَ قِيلَ لَهُ إِنَّ فُلاَنًا فَعَلَ كَذَا وَكَذَا . فَقَالَ مُعَاذُ لَئِنْ الله الْفَلْقَ فَلَمَّا قَضَى مُعَاذُ الصَّلاَةَ قِيلَ لَهُ إِنَّ فُلاَنًا فَعَلَ كَذَا وَكَذَا . فَقَالَ مُعَاذُ لَئِنْ على الله الله عليه وسلم . فَأَتَى مُعَاذُ النَّبِيَّ صلى الله عليه وسلم إلَيْهِ فَقَالَ " مَا حَمَلَكَ عليه وسلم فَذَكَرَ ذَلِكَ لَهُ فَأَرْسَلَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم إلَيْهِ فَقَالَ " مَا حَمَلَكَ عَلَى الَّذِي صَنَعْتُ " . فَقَالَ يَا رَسُولُ اللَّهِ عَمِلْتُ عَلَى نَاضِحِي مِنَ النَّهَارِ فَجِئْتُ وَقَدْ عَلَى الّذِي صَنَعْتُ " . فَقَالَ يَا رَسُولُ اللَّهِ عَمِلْتُ عَلَى نَاضِحِي مِنَ النَّهَارِ فَجَئْتُ وَقَدْ أُقِيمَتِ الصَّلاَةِ فَقَرَأً سُورَةَ كَذَا وَكَذَا فَطَوَّلَ عَلَى الله عليه وسلم الله عليه وسلم " أَقَيَّن يُا مُعَاذُ أَقَتَانٌ يَا مُعَاذُ أَقَتَانً عَلَى الله عليه وسلم " أَقَتَانً يَا مُعَاذُ أَقَتَانً يَا مُعَاذُ أَقَتَانً يَا مُعَاذُ أَلَا اللّهِ عليه وسلم الله عليه وسلم " أَقَتَانً يَا مُعَادُ أَقَتَانً يَا مُعَادُ أَقَالَ رَالَهُ عَلَى اللّه عليه وسلم الله عليه

বাংলা

৮৩২। ওয়াসিল ইবনু আবদুল আ'লা (রহঃ) ... জাবির (রাঃ) থেকে বর্ণিত। তিন বলেন, সালাতের ইকামত বলার পরে এক আনসারী ব্যক্তি আগমন করল। সে মসজিদে প্রবেশ করে মু'আয (রাঃ)-এর পেছনে সালাতে দাঁড়াল। তিনি কিরাআত লম্বা করলেন। লোকটি সালাত থেকে বের হয়ে মসজিদের এক কোণে সালাত আদায় করে চলে গেল। মু'আয (রাঃ) যখন সালাত শেষ করলেন, তাকে বলা হল, অমুক ব্যক্তি এরূপ এরূপ করেছে। মু'আয (রাঃ) বলেন, আমি রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে এ ব্যাপারে অবশ্যই অবহিত করব।

মু'আয (রাঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট উপস্থিত হয়ে ঘটনা ব্যক্ত করলেন। রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম লোকটির নিকট লোক পাঠিয়ে তাকে ডেকে আনলেন এবং তাকে জিজ্ঞাসা করলেনঃ তুমি যা করেছ তা করতে তোমাকে কিসে বাধ্য করেছে? সে ব্যক্তি বলল, ইয়া রাসুলাল্লাহ! আমি দিনের বেলায় আমার উটের কাজে ব্যাস্ত ছিলাম। এরপর আমি আসলাম এবং পূর্বেই সালাতের ইকামত বলা হয়েছিল।



আমি মসজিদে প্রবেশ করে তার সঙ্গে সালাতে শরীক হলাম।

কিন্তু তিনিও সালাতে অমুক অমুক সূরা আরম্ভ করে সালাত লম্বা করে দিলেন। এজন্য আমি সালাত থেকে বের হয়ে মসজিদের এক কোণে সালাত আদায় করি। রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ হে মু'আয! তুমি কি তুমি কি ফিতনা সৃষ্টিকারী হবে? হে মু'আয! তুমি কি ফিতনা সৃষ্টিকারী হবে?

English

It was narrated that Jabir said:

"A man from the Ansar came when the Iqamah for prayer had been said. He entered the Masjid and prayed behind Muadh, and he(Muadh) made the prayer lengthy. The man went away and prayed in a comer of the Masjid, then he left. When Muadh finished praying, it was said to him that so-and-so had done such and such. Muadh said: 'Tomorrow I will mention that to the Messenger of Allah (*).' So Muadh came to the Messenger of Allah (*) and told him about that. The Messenger of Allah (*) sent for him and asked him: 'What made you do what you did? He said: 'O Messenger of Allah (*), I had been working with my camel to bring water all day, and when I came the Iqamah for prayer had already been said, so I entered the Masjid and joined him in the prayer, then he recited such and such a Surah and made it lengthy, so I went away and prayed in a comer of the Masjid.' The Messenger of Allah (*) said: 'Do you want to cause hardship to the people, O Muadh do you want to cause hardship to the people, O Muadh do you want to cause hardship to the people, O Muadh?"'

ফুটনোট

সহিহ, সিফাতুস সালাত, আবু দাউদ হাঃ ৭৫৬, বুখারি হাঃ ৭০৫, মুসলিম (ইসলামিক সেন্টার) হাঃ ৯৩৪

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন